



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

মানিলাভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ

এএমএলডি সার্কুলার নং-০১

২১ সেপ্টেম্বর ২০২৬
তারিখ:-----
০৬ আশ্বিন ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক / প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ

প্রিয় মহোদয়,

বিষয়: এ বিভাগ কর্তৃক পরিচালিত নিয়মিত ও বিশেষ পরিদর্শন প্রতিবেদনের বিপরীতে ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি এবং মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রেরিত পরিপালন প্রতিবেদন, বিশেষ আর্থিক বিবরণী/প্রতিবেদন, যাচিত বিষয়ে ব্যাখ্যা এবং এ বিভাগ কর্তৃক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর বরাবর প্রেরিত সকল পত্রের ব্যাখ্যা/বক্তব্য ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী এবং প্রধান মানিলাভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)-এর যৌথ স্বাক্ষরে দাখিল প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ‘মানিলাভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ (Money Laundering & Terrorist Financing Prevention Department)’ ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের মানিলাভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ (AML & CFT) বিষয়ক কার্যক্রম তদারকি ও পরিপালন পর্যালোচনার উদ্দেশ্যে নিয়মিত ও বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা, কারণ দর্শানো (Show Cause) নোটিশ জারি এবং বিভিন্ন বিষয়ে ব্যাখ্যা বা তথ্য যাচনা করে থাকে।

০২। ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (BRPD) এবং ফাইন্যান্স কোম্পানি প্রবিধি ও নীতি বিভাগ (FCRPD) এর সংশ্লিষ্ট নির্দেশনাবলীতে কেন্দ্রীয় ব্যাংকের নিকট দাখিলকৃত গুরুত্বপূর্ণ প্রতিবেদন ও চিঠিপত্রে প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরের আবশ্যিকতা সুনির্দিষ্ট করা হয়েছে। তবে, সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, এ বিভাগ কর্তৃক প্রেরিত সংবেদনশীল পরিদর্শন প্রতিবেদনের বিপরীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রেরিত পরিপালন প্রতিবেদন কিংবা কারণ দর্শানোর নোটিশের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে অনেক ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর প্রত্যক্ষ স্বাক্ষর ব্যতিরেকে পরিপালন প্রতিবেদন এবং ব্যাখ্যা/বক্তব্য প্রেরণ করা হচ্ছে, যা প্রাতিষ্ঠানিক সুশাসন ও পরিপালন কাঠামোর পরিপন্থী।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, এ বিভাগ কর্তৃক ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের উপর প্রস্তুতকৃত পরিদর্শন (নিয়মিত ও বিশেষ) প্রতিবেদনের (Inspection Report) বিপরীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রেরিত পরিপালন প্রতিবেদন, বিশেষ আর্থিক বিবরণী/প্রতিবেদন, কারণ দর্শানোর (Show Cause) ব্যাখ্যা এবং এই বিভাগ কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) বরাবরে প্রেরিত সকল পত্রের ব্যাখ্যা/বক্তব্য অবশ্যই ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা (MD/CEO)(প্রযোজ্য ক্ষেত্রে) (অথবা তাঁর অনুপস্থিতিতে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে আইনানুগভাবে দায়িত্বপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক) এবং প্রধান মানিলাভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) উভয়ের যৌথ স্বাক্ষরে দাখিল করতে হবে।

০৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (সংশোধিত ২০২৩) এর ধারা ৪৫(ঘ), ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ধারা ৪১(২)(গ) এবং পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(এ টি এম কামরুন্নাহ কবীর ভূঞা)

পরিচালক (এএমএলডি)

ফোন: ৯৫৩০৩১৪

ই-মেইল: director.mltfpd@bb.org.bd